


নং-৪৫.১৪৩.০১১.০০.০০.০০১.২০১৪-৪৯৬

২৫ ভাদ্র, ১৪২১ বঙ্গাব্দ
তারিখঃ -----
৯ সেপ্টেম্বর, ২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ৩৩তম বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের কর্মকর্তাদের বদলি/পদায়ন ও বেতন-ভাতাদি সংক্রান্ত নির্দেশনা।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে যোগদানকৃত ৩৩তম বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের কর্মকর্তাদের বদলি/পদায়ন এবং বেতন-ভাতাদি উত্তোলন সংক্রান্ত নির্দেশনাঃ

- (ক) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৭/০৭/২০১৪ খ্রিঃ তারিখের ৪৫.১৪৩.০১১.০০.০০.০০১.২০১৪-৪২৮ নম্বর পত্রে সংশোধিত নীতিমালা-২০১৪ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে;
- (খ) নবনিয়োগকৃত কোন কর্মকর্তাকে ২ (দুই) বৎসরের পূর্বে অন্য কোন কর্মস্থলে বদলির ক্ষেত্রে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পূর্বনুমোদন গ্রহণ করতে হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় কর্তৃক পদায়নকৃত কর্মকর্তাদের তথ্য ডাটাবেসে সংরক্ষণ করা হচ্ছে;
- (গ) ওএসডি সংযুক্তকৃত কর্মকর্তাদের পর্যায়ক্রমে শূন্য পদে পদায়ন সম্পন্ন করতে হবে। ওএসডি হতে নিয়মিত পদে পদায়নের তথ্যাদি আবশ্যিকভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- (ঘ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে যোগদানের তারিখ অর্থাৎ ০৭/০৮/২০১৪ খ্রিঃ তারিখ হতে পদায়নকৃত কর্মস্থলে যোগদানের পূর্ব দিন পর্যন্ত সময়কাল কর্মরত কাল হিসেবে গণ্য হবে;
- (ঙ) যে সকল কর্মকর্তাকে ওএসডি করে বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে সংযুক্ত করা হয়েছে তাদের বেতন-ভাতাদিসহ সকল আর্থিক ব্যয় স্বাস্থ্য অধিদপ্তরের রাজস্ব বাজেট হতে নির্বাহ হবে। ওএসডিকৃত কর্মকর্তাদের বেতন বিলের সংগে আবশ্যিকভাবে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের 'উপস্থিতি প্রত্যয়ন' স্বাস্থ্য অধিদপ্তরে দাখিল করতে হবে।
- (চ) নিয়মিত পদে পদায়নকৃত কর্মকর্তাগণ তাদের স্ব স্ব কর্মস্থল হতে বেতন-ভাতাদি উত্তোলন করবেন।


(এ, কে, এম মুখলেছুর রহমান)
উপসচিব (পার-২)
ফোনঃ ৯৫৪০৪৪৮
dsper2@mohfw.gov.bd

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট কর্মকর্তাদের পিডিএস হালনাগাদ করার অনুরোধসহ।
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য),
- ৪। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সিভিল সার্জন / তত্ত্বাবধায়ক,
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। বিভাগীয় হিসাবরক্ষক,
- ১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,
- ১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,
- ১৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,
- ১৪। ডাঃ.....
- ১৫। অফিস কপি